

রাউজান মহিলা মাদরাসা দাখিল পর্যায়ে উপজেলার দ্বিতীয়বার শ্রেষ্ঠ

রাউজান (চট্টগ্রাম) প্রতিনিধি ৪ মে, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

রাউজানে নারীশিক্ষায় আলো জ্বালাচ্ছে উপজেলার একমাত্র মহিলা মাদরাসা রাউজান মহিলা আলিম মাদরাসা। মাদরাসাটি শিক্ষায় একের পর এক সফলতা অর্জন করে যাচ্ছে।

অ-

অ

অ+

 পরিচালনা কমিটির দক্ষ পরিচালনা ও শিক্ষক-শিক্ষার্থীদের একাগ্রতায় এটি উপজেলার শ্রেষ্ঠ প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এরই ধারাবাহিকতায় এ মাদরাসা এবার দাখিল পর্যায়ে দ্বিতীয়বারের মতো উপজেলার শ্রেষ্ঠ মাদরাসা নির্বাচিত হয়েছে। জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভায় এই মাদরাসাকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান করা হয়। একই সঙ্গে মাদরাসার প্রতিষ্ঠাতা ও সুপার আলহাজ মাওলানা আব্দুল মান্নান চৌধুরীও শ্রেষ্ঠ সুপার নির্বাচিত হন।

১৯৯৫ সালে রাউজান পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের ফকির তকিয়া এলাকায় প্রতিষ্ঠিত মাদরাসাটি ২০১৬ সালে প্রথমবারের মতো শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছিল। মাদরাসার বর্তমান শিক্ষার্থী সংখ্যা পাঁচ শতাধিক। মাদরাসাটির পরিচালনা পর্যদের সভাপতির দায়িত্ব পালন করছেন পৌর প্যানেল মেয়র ও উপজেলা যুবলীগের সভাপতি জমির উদ্দিন পারভেজ। তিনি বলেন, ২০১০ সালে মাদরাসাটি এমপিওভুক্তকরণ এবং অবকাঠামোগত উন্নয়নে মাননীয় সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরী গুরুত্বপূর্ণ অবদান রাখেন।